



চায়না-ঢাকা ডে উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। গতকাল রাজধানীর নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় -ইনকিলাব

রাজধানীতে চায়না-ঢাকা দিবস উদযাপন

কূটনৈতিক সংবাদদাতা

ঢাকায় নানা আয়োজনে চায়না-ঢাকা ডে উদযাপিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার রাজধানীর নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে দিবসটি উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

ঢাকার চীনা দূতাবাস ও নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় যৌথভাবে চায়না-ঢাকা ডে উদযাপন অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানের আলোচনা পর্বে বক্তব্য দেন মৎস্য ও প্রাণিসম্পদ উপদেষ্টা ফরিদা আখতার, ঢাকায় নিযুক্ত চীনা রাষ্ট্রদূত ইয়াও ওয়েন, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ভিসি আব্দুল হান্নান চৌধুরী ও নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্য বেনজীর আহমেদ।

অনুষ্ঠানে মৎস্য ও প্রাণিসম্পদ উপদেষ্টা ফরিদা আখতার বলেন, ঢাকা-চায়না

পৃঃ ৫ কঃ ৩

ডে উদযাপন অনুষ্ঠান আয়োজনে আমি খুব আনন্দিত। চীন দিনে দিনে এগিয়ে যাচ্ছে। বিশেষ করে দারিদ্র মোকাবিলায় তারা খুব সফল

হয়েছে। দেশটির লাখ লাখ লোক দারিদ্র্যতা থেকে বেরিয়ে আসছে। দারিদ্র্য মোকাবিলায় চীনকে বাংলাদেশের অনুসরণ করা উচিত। তিনি বলেন, প্রধান উপদেষ্টা সম্প্রতি চীন সফর করেছেন। সে সময় দেশটির সঙ্গে ৮ চুক্তি ও সমঝোতা হয়েছে। আমরা প্রত্যাশা করবো, আগামী দিনে দুদেশের সম্পর্ক আরও এগিয়ে যাবে।

ঢাকায় নিযুক্ত চীনা রাষ্ট্রদূত ইয়াও ওয়েন বলেন, বাংলাদেশ ও চায়না সম্পর্ক এ বছর ৫০ বছর পূর্তি হয়েছে। আমাদের দুদেশের সম্পর্ক দিনে দিনে আরো গভীর হচ্ছে। দুদেশের মধ্যে শিক্ষা ও সাংস্কৃতিক সহযোগিতা বাড়ছে। আমরা আগামীতে শান্তি ও সমৃদ্ধির পথে একযোগে এগিয়ে যেতে চাই। তিনি আগা করেন, আগামীতে দুদেশের সম্পর্ক আরো নতুন উচ্চতায় উঠবে। অনুষ্ঠানে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ভিসি আব্দুল হান্নান চৌধুরী বলেন, ২০০৬ সালে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় সাউথ এশিয়ার মধ্যে প্রথম কনফারেন্স ইনস্টিটিউট প্রতিষ্ঠা করেছে। এরপর এখান থেকে ২০ হাজার শিক্ষার্থীকে চীনা ভাষা শেখানো হয়েছে। তবে এটা শুধু ভাষা শেখানোর মধ্যে সীমাবদ্ধ নয়। এখান থেকে গবেষণা ও সাংস্কৃতিক বিনিময়ও চলছে। তিনি বলেন, প্রতিবছরই আমরা ঢাকা-চায়না ডে উদযাপন করে থাকি। এবারো এই দিবস উদযাপন করতে পেরে আমরা আনন্দিত।